



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/22/2025

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল ঘোষণা করলেন যে লং আইল্যান্ডের মহাসাগরের সৈকতগুলিতে সাঁতার বন্ধই থাকছে

হারিকেন এরিনের ফলে হওয়া ক্ষয়ক্ষতি এবং অনিরাপদ পরিস্থিতির কারণে জোন্স বীচ, Robert Moses এবং Hither Hills State Parks-এ সাঁতার কাটা নিষিদ্ধই থাকছে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে ঘোষণা করলেন যে লং আইল্যান্ডে (Long Island) আটলান্টিক মহাসাগরের (Atlantic Ocean) সৈকতগুলিতে সাঁতার নিষিদ্ধই থাকছে। হারিকেন এরিনের (Hurricane Erin) কারণে সার্ফের পরিস্থিতি এখনো বিপজ্জনক। এছাড়াও সৈকতে উল্লেখযোগ্য বন্যা হয়েছে যার জন্য সৈকতের ফ্যাসিলিটিগুলিতে বন্যার পানির যাচাই এবং তা সরিয়ে নেওয়ার কাজ শুরু করতে হবে।

"নিরাপত্তা হলো নিউ ইয়র্কের (New York) শীর্ষ অগ্রাধিকার এবং এই হারিকেনের মৌসুমে আমাদেরকে অবশ্যই নিশ্চিত করতে হবে যাতে সৈকতে যাওয়া মানুষকে বিপদে না পড়তে হয়," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "হারিকেন এরিন এলাকা ছেড়ে গেছে, কিন্তু দুর্ভাগ্যবশত আমাদের লং আইল্যান্ডের উপকূলে বন্যা এবং রক্ষ সার্ফের কারণে আমরা নিষেধাজ্ঞা তুলে নিতে পারছি না। আমরা আশা করছি যে অবস্থার উন্নতি হলে সামনের দিনগুলিতে আবার সাঁতার কাটা যাবে।"

স্টেট পার্কের লাইফগার্ড এবং স্টাফ এর আগে এই সপ্তাহে বিপজ্জনক হতে পারে এবং উঁচু সার্ফ, উল্টো স্রোত, উপকূলীয় বন্যা এবং সৈকতের ক্ষয় খুঁজে পেয়েছেন এবং পরিস্থিতি সাঁতারের জন্য নিরাপদ নয় এমন ঘোষণা করেছেন। ধারাবাহিক নজরদারির পর এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে যে Robert Moses, জোন্স বীচ (Jones Beach), এবং Hither Hills State Parks-এ সাঁতার কাটা এখনো শুরু করা যাবে না। আটলান্টিক মহাসাগরের তিনটি সৈকতের প্রতিটিতেই উল্লেখযোগ্য জোয়ার বেড়েছে, এবং জোন্স বীচের সৈকতে এবং Robert Moses এবং Hither Hills-এর কিছু এলাকায় বেশি বন্যা দেখা গেছে।

নিউ ইয়র্ক স্টেট পার্কসের (New York State Parks) কমিশনার প্রো টেম্পোর Randy Simons (র্যান্ডি সিমোন্স) বলেন, "আমাদের ভিজিটরদের নিরাপদ রাখতে আমাদের লং আইল্যান্ডের আঞ্চলিক স্টাফ, লাইফগার্ড, এবং পার্ক পুলিশ (Park Police) যে সৈকতে এবং পানিতে দ্রুত এবং বিস্তৃত যাচাই এবং নজরদারির কাজ করেছেন তার জন্য আমি কৃতজ্ঞ। লাইফগার্ড এবং পার্কের স্টাফের সকল নির্দেশনা মেনে চলার জন্য আমরা পার্কের

ভিজিটরদেরকে তাগিদ দিচ্ছি, এবং আমরা বন্যার ক্ষয়ক্ষতি এবং সাঁতারের বিপজ্জনক পরিস্থিতির যাচাই করে চলেছি।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে
টেক্সট পাঠান

[আনসাবস্কাইব করুন](#)